**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**National Science Day :**

আজ জাতীয় বিজ্ঞান দিবস। ভারতের প্রখ্যাত পদার্থবিদ নোবেলজয়ী স্যার সি ভি রমনের গুরুত্বপূর্ণ আবিষ্কার রমন এফেক্ট-এর আবিষ্কারের সৌজন্যে এই দিনটিতে জাতীয় বিজ্ঞান দিবস হিসাবে পালন করা হয়। ১৯৮৬ সালে ন্যাশনাল কাউন্সিল ফর আউয়ার ন্যাশন এন্ড টেকনোলজি কমিউনিকেশন-NCSTC ২৮শে ফেব্রুয়ারী জাতীয় বিজ্ঞান দিবস হিসাবে পালনের সুপারিশ করে। ১৯৮৭ সাল থেকে এই দিবস উদযাপন শুরু হয়। এই দিবসটি উপলক্ষ্যে রাজ্যেও বিভিন্ন কর্মসুচির আয়োজন করা হয়েছে।

*******************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষায় গতকাল উচ্চতর মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল আর্টস ও মাদ্রাসা ফাজিল থিওলজির বাংলা/হিন্দি/ককবরক/মিজো বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হয়। রাজ্যের ৬০টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাস্থলের অবস্থা শান্তিপূর্ণ ছিল। ২০১৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৯২২৭ জন ছাত্র ও ১০৯১০ জন ছাত্রী। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ১৯৯৮২ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্রী ১০৮২৯ জন ও ছাত্র ৯১৫৩ জন। ৭৪ জন ছাত্র ও ৮১ জন ছাত্রী পরীক্ষায় অনুপস্থিত ছিল। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৯.২৩ শতাংশ। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে জানানো হয়েছে পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী গতকাল বড়দোয়ালী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, শঙ্করাচার্য বিদ্যায়তন, কামিনীকুমার সিংহ স্মৃতি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও প্রাচ্যভারতী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষাস্থলগুলি পরিদর্শন

করেন। আজ মাধ্যমিক ও মাদ্রাসা আলিম এর বাংলা/হিন্দি/ককবরক/মিজো ও আরবিক পরীক্ষা গ্রহণ করা হবে।

*************************

**PM, Mahakumbh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাকুম্ভকে ঐক্যের মহাযজ্ঞ হিসেবে অভিহিত করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার ঐতিহ্যের জন্য গর্বিত এবং নতুন শক্তি নিয়ে এগিয়ে চলেছে। প্রধানমন্ত্রী প্রয়াগরাজে মহাকুম্ভের সাফল্যের প্রশংসা করে বলেছেন যে এটি আধুনিক ব্যবস্থাপনা পেশাদার, পরিকল্পনাকারী এবং নীতি বিশেষজ্ঞদের জন্য অধ্যয়নের বিষয়। তিনি জোর দিয়ে বলেছেন যে বিশ্বের কোথাও এই ধরণের কোনও উদাহরণ নেই ১৪৪ বছর পর, সাধু সন্তরা উন্নত ভারতের জন্য বিকশিত ভারতের একটি নতুন বার্তা দিয়েছেন। শ্রী মোদী গতকাল শেয়ার করা একটি ব্লগে এই চিন্তাভাবনাগুলি লিখেছেন। তিনি বলেছেন সমগ্র বিশ্ব দেখেছে যে কোটি কোটি মানুষ মহাকুম্ভে সঙ্গমে পবিত্র জলে স্নান করার আনন্দ অনুভব করেছেন।

***************************

**Mahakumbh–Train :**

এদিকে, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন যে প্রয়াগরাজে সদ্য শেষ হওয়া মহাকুম্ভের জন্য ১৬,০০০-এরও বেশি ট্রেন চালানো হয়েছে। গতকাল প্রয়াগরাজ জংশনে শ্রী বৈষ্ণব সাংবাদিকদের জানান প্রায় ৪ কোটি ৫০ লক্ষ যাত্রী ট্রেনের মাধ্যমে প্রয়াগরাজে আসা-যাওয়া করেছেন। তিনি জানান রেলওয়ে গত আড়াই বছর ধরে এই বিষয়ে কাজ করেছে এবং প্রায় ৫,০০০ কোটি টাকা বিনিয়োগ করেছে। তিনি আরও বলেন মহাকুম্ভের জন্য ২১টিরও বেশি ফ্লাইওভার এবং আন্ডারপাস তৈরি করা হয়েছে। শ্রী বৈষ্ণব উল্লেখ করেন যে জিআরপি, পুলিশ, আরপিএফ এবং রেলওয়ে সহ বিভিন্ন সংস্থার সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে মহাকুম্ভের সফল আয়োজন সম্ভব হয়েছে। তিনি আরও বলেন মহাকুম্ভ ভারতের বিশ্বাস এবং ঐক্যকে তুলে ধরেছে।

*************************

**Jall Sakti Mantrak :**

আজ আগরতলায় ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪তম বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদব ছাড়াও ব্রহ্মপুত্র বোর্ডের চেয়ারম্যান ডঃ রণবীর সিং উত্তর-পূর্বাঞ্চলের আট রাজ্য ও উত্তরবঙ্গের জল সম্পদ দপ্তরের মুখ্যবাস্তুকার ও পদস্থ আধিকারীকগণ অংশ গ্রহণ করবেন। আজ এই বৈঠকে মূলত বন্যা নিয়ন্ত্রন ব্যবস্থা নিয়ে পর্যালোচনা বৈঠক করা হবে বলে জানিয়েছেন রাজ্য সরকারের জল সম্পদ বিভাগের মুখ্যবাস্তুকার সুধন দেববর্মা। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদব গতকাল বিকেলে মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিবের রাজ্যে জল সরবরাহের প্রকল্প নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে।

*************************

**State Level Biju Festival :**

৫১তম রাজ্যভিত্তিক বিজু মেলা ও উৎসব এবার ছাওমনু বিজু মেলা মাঠে অনুষ্ঠিত হবে। ৫ দিনব্যাপী এই উৎসব শুরু হবে আগামী ১৩ই এপ্রিল। গতকাল লংতরাইভ্যালি মহকুমা শাসক কার্যালয়ে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস, বিধায়ক শম্ভুলাল চাকমা প্রমুখ।

***************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার মহিলা বিভাগে গ্রুপের দ্বিতীয় খেলায়ও ত্রিপুরা পুলিশ পরাজিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতকাল রাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় আসাম

রাইফেলস ১০-০ গোলে রাজ্যদলকে পরাজিত করে। এর আগের খেলায় তামিলনাড়ু পুলিশ ৬-০ গোলে ত্রিপুরা পুলিশ দলকে হারিয়েছিল।

***************************

**Assam Rifles :**

আসাম রাইফেলস, কাস্টমস এবং ডিআরআই-এর যৌথ মাদক বিরোধী অভিযানে গত দুই দিনে রাজ্যে ২৪ কোটি টাকা মূল্যের ২ লক্ষ ৪০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। গতকাল আসাম রাইফেলস পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, গত বৃহস্পতিবার আমবাসায় জন শতাব্দী এক্সপ্রেস ট্রেনে তল্লাশি চালিয়ে ১ লক্ষ ৫০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। যার আন্তর্জাতিক বাজার মূল্য ১৫ কোটি টাকা। এছাড়া গতকাল শিলং থেকে আসা সিমেন্ট বোঝাই একটি লরিতে তল্লাশি চালিয়ে ৯ কোটি টাকা মূল্যের ৯০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। আসাম রাইফেলস চলতি বছরে এখন পর্যন্ত রাজ্যে মাদক বিরোধী ২১টি অভিযানে সাফল্য পেয়েছে। এই সব অভিযানে ৯৫ কোটি ৫৬ লক্ষ টাকার মাদক উদ্ধার করা হয়েছে।

*******************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত পরিষ্কার থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

***************************